## SEC-B-2

## (Value Education)

**Full Marks : 80**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। সঠিক উত্তরটি চিহ্নিত করো (*যে-কোনো দশটি*) ঃ ১×১০

(ক) 'মূল্যবোধশিক্ষা সার্বজনীন হতে হবে'— এর থেকে যেটি নিঃসৃত হয়, তা হল—

(অ) এটি শুধুমাত্র বর্তমানকালীন সকল মানুষের জন্য প্রযোজ্য

(আ) এটি শুধুমাত্র সকল স্থানে প্রযোজ্য

(ই) এটি শুধুমাত্র সকল সময়ে প্রযোজ্য

(ঈ) এটি সর্বদেশের, সর্বকালের, প্রত্যেক ব্যক্তির জন্য প্রযোজ্য।

(খ) মূল্যবোধের উৎস হিসেবে যখন ধর্মকে বিবেচনা করা হয় তখন 'ধর্ম' বলতে বোঝানো হয়

(অ) নিছক দর্শনের পাঠ (আ) মন্দিরে পূজা করা

(ই) জীবনের পথে যাত্রা (ঈ) ধর্মীয় রীতিনীতি পালন করা।

(গ) মূল্যবোধ শিক্ষার প্রয়োজনীয়তা বোঝা যায়

(অ) কেবল শৈশব অবস্থায় (আ) কেবল পরিণত বয়সে

(ই) কেবল বার্দ্ধক্যে (ঈ) জীবনের সকল পর্যায়ে।

(ঘ) নীচের কোন বক্তব্যটি ঠিক নয়?

(অ) মূল্যবোধ ব্যক্তির আচরণ নিয়ন্ত্রণ করে।

(আ) মূল্যবোধ সমাজজীবনের ভিত্তি গঠন করে।

(ই) দেশ কাল ভেদে মূল্যবোধের কোনো পরিবর্তন ঘটে না।

(ঈ) মূল্যবোধ এক ধরনের জৈবমানসিক প্রবণতা।

(ঙ) বাস্তববাদী এবং বস্তুবাদীদের মতে, অধিকতর মূল্যবান হল

(অ) ঐশ্বর্য (আ) মুক্তি

(ই) নৈতিকতা (ঈ) বৈরাগ্য।

(চ) মূল্যবোধ শিক্ষার লক্ষ্য হল

(অ) স্থায়িত্বশীল জীবন লাভ করা (আ) আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সচেতনতা গড়ে তোলা

(ই) পরিবেশ সম্পর্কে অবগত থাকা (ঈ) সবকটিই।

(ছ) নীচের কোন বিকল্পটি গণতান্ত্রিক মূল্য নয়?

(অ) ব্যক্তির অধিকার (আ) ব্যক্তির স্বাধীনতা

(ই) ব্যক্তির নান্দনিক বোধ (ঈ) ব্যক্তির দায়িত্ব।

(জ) শান্তির ব্যাখ্যা করা যেতে পারে

(অ) কেবলমাত্র ধনাত্মক অর্থে (আ) কেবলমাত্র ঋণাত্মক অর্থে

(ই) ধনাত্মক ও ঋণাত্মক উভয় অর্থে (ঈ) কোনোভাবেই নয়, কারণ শান্তির সংজ্ঞা প্রদান করা যায় না।

(ঝ) প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর শিক্ষায় মানবতাবাদ সক্রিয়ভাবে প্রতিষ্ঠা করার পিছনে যাঁর অবদান উল্লেখযোগ্য ছিল তিনি হলেন

(অ) মারিয়া মন্টেসরি (আ) আব্রাহাম লিঙ্কন

(ই) জন্ লক্ (ঈ) ফ্রান্সিস বেকন।

(ঞ) শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে নিম্নলিখিত কোনটি বাধা হিসেবে কাজ করে?

(অ) সাংস্কৃতিক বহুত্ববাদ (আ) স্থিতিশীল উন্নয়ন

(ই) নিরস্ত্রীকরণ (ঈ) শোষণ।

(ট) মূল্যবোধ শিক্ষা প্রধানত

(অ) দুই প্রকার (আ) চার প্রকার

(ই) ছয় প্রকার (ঈ) আট প্রকার।

(ঠ) কোনো দেশের জাতীয় মূল্যবোধের সন্ধান পাওয়া যায় যা থেকে, তা হল সেই দেশের

(অ) ধর্মগ্রন্থ (আ) সংবিধান

(ই) সংবাদপত্র (ঈ) বিজ্ঞানের গবেষণাগ্রন্থ।

২। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৫

(ক) মূল্যবোধের অর্থ এবং ধারণা ব্যক্ত করো।

(খ) যে-কোনো পাঁচটি বিষয়ের উল্লেখ করে মূল্যবোধের প্রকৃতি ব্যাখ্যা করো।

(গ) পাঠক্রমের অন্তর্ভুক্ত বিভিন্ন বিষয় কি মূল্যবোধ গঠনে সাহায্য করতে পারে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(ঘ) 'সংস্কৃতি' বলতে কী বোঝো? প্রাচীন ভারতীয় সংস্কৃতিকে মূল্যবোধের অন্যতম উৎসরূপে গণ্য করার পিছনে কী কী কারণ আছে?

(ঙ) ভারতীয় দর্শনে 'মূল্য' শব্দের দ্বারা কি পুরুষার্থকে বোঝানো যায়? পুরুষার্থ বলতে কী বোঝো? পুরুষার্থগুলির নাম লেখো।

(চ) অন্তর্নিহিত মূল্যবোধ এবং বাহ্যিক মূল্যবোধের পার্থক্য লেখো।

(ছ) দার্শনিকগণ কেন মনে করেন যে মূল্যবোধ উর্দ্ধক্রম অনুযায়ী বিন্যাসযোগ্য? ব্যাখ্যা করো।

(জ) শান্তিশিক্ষার যে-কোনো দুটি সংজ্ঞা লেখো।

৩। *যে-কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ

(ক) 'দর্শন' ও 'Philosophy' শব্দদুটির অর্থ কি এক? আলোচনা করো এবং সেই অর্থের পরিপ্রেক্ষিতে কীভাবে মূল্যবোধ গঠিত হতে পারে তা ব্যাখ্যা করো। ২+৩+১০

(খ) সামাজিক, নৈতিক এবং আধ্যাত্মিক মূল্যবোধ বলতে কী বোঝায়? উদাহরণসহ আলোচনা করো। ৫+৫+৫

(গ) শান্তিশিক্ষায় বাধাসৃষ্টিকারী কারণসমূহ উল্লেখ করো। ১৫

(ঘ) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে শান্তিশিক্ষার গুরুত্ব আলোচনা করো। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তী সময়ে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে জাতিপুঞ্জ (UNO) কি কোনো ভূমিকা পালন করেছিল বলে মনে করো? ৬+৬+৩

(ঙ) শান্তিশিক্ষার প্রকৃতি ও পরিধি আলোচনা করো। ১৫

## [ English Version ]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct option (***any ten***) : 1×10

(a) 'Value Education should be Universal' — It implies that

(i) it is applicable only to all people at persent.

(ii) it is applicable only to all places.

(iii) it is applicable only to all times.

(iv) it is applicable to every individual of all space and of all time.

(b) When religion is considered as a source of values, then by 'religion' it is meant

(i) merely studying philosophy.
(ii) to worship in the temple.
(iii) journey through life.
(iv) to follow religious rituals.

(c) The importance of Value Education can be realized

(i) Only in Childhood
(ii) Only in Adulthood
(iii) Only in Old age
(iv) In all phases of life.

(d) Which one of the following statements is not correct?

(i) Values control the behaviour of a person.

(ii) Values construct the foundation of social life.

(iii) Values do not change with the change of space and time.

(iv) Values are a kind of bio psychic disposition.

(e) According to Realists and Materialists that which is of greater value is

(i) Wealth
(ii) Emancipation
(iii) Morality
(iv) Dispassion.

(f) The objective of Value Education is
 (i) to achieve a sustainable life.
 (ii) to create awareness about our cultural heritage.
 (iii) to know about the environment.
 (iv) All of these.

(g) Which one of the following options is not democratic value?
 (i) Right of a person
 (ii) Freedom of a person
 (iii) Aesthetic sense of a person
 (iv) Responsibility of a person.

(h) Peace can be explained
 (i) Only Positively
 (ii) Only Negatively
 (iii) Both Positively and Negatively
 (iv) Not in any way, because peace is indefinable.

(i) After First and Second World War, the person, whose contribution in actively establishing Humanism in education, was
 (i) Maria Montessori
 (ii) Abraham Lincoln
 (iii) John Locke
 (iv) Francis Bacon.

(j) Which one of the following acts as a barrier of peace?
 (i) Multiculturalism
 (ii) Sustainable development
 (iii) Disarmament
 (iv) Exploitation.

(k) Value education is mainly of
 (i) Two types
 (ii) Four types
 (iii) Six types
 (iv) Eight types.

(l) National values of a country can be found in
 (i) Religious text
 (ii) Constitution
 (iii) Newspaper
 (iv) Books of scientific research.

2. Answer *any five* questions : 5×5

(a) State the meaning and concept of values.

(b) Explain the nature of values by mentioning any five points.

(c) Can subjects included in the curriculum help to build up values? Give reasons in favour of your answer.

(d) What do you mean by 'culture'? What are the reasons behind considering ancient Indian culture as one of the sources of values?

(e) In Indian Philosophy, can puruṣārtha be meant by the word 'values'? What do you mean by puruṣārtha? Name the puruṣārthas.

(f) Write the difference between intrinsic values and extrinsic values.

(g) Why do philosophers think that the ordering of values depends on the hierarchy of a scale? Explain.

(h) Write any two difinitions of 'Peace Education'.

**3.** Answer ***any three*** questions :

(a) Do the words 'Darshan' and 'Philosophy' have the same meaning? Discuss and explain how values can be built up on the basis of that meaning. 2+3+10

(b) What is meant by social, moral and spiritual values? Discuss with examples. 5+5+5

(c) Discuss the factors, which are responsible for disturbing Peace Education. 15

(d) Discuss the importance of Peace Education in National and International level. Do you think that the UNO played any role in establishing peace in the post-second World War period? 6+6+3

(e) Discuss the nature and scope of Peace Education. 15